



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি)  
এডিবি-৬ শাখা  
শেরে বাংলা নগর, ঢাকা।  
[www.erd.gov.bd](http://www.erd.gov.bd); Fax: 9180788


### প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২৪ জুন ২০২১ তারিখ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর মধ্যে COVID-19 ভ্যাক্সিন সাপোর্টের জন্য অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নধীন “Responsive COVID-19 Vaccines for Recovery Project under the Asia Pacific Vaccine Access Facility Program” এর জন্য ৯৪০ মিলিয়ন মার্কিন ডলারের ঋণচুক্তি স্বাক্ষরিত হয়। বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব **মিজ ফাতিমা ইয়াসমিন** এবং এডিবি’র পক্ষে বাংলাদেশ আবাসিক মিশনের কান্ট্রি ডিরেক্টর **Mr. Manmohan Parkash** ঋণচুক্তিতে স্বাক্ষর করেন।

অর্থ বিভাগ এ Program এর উদ্যোগী বিভাগ, স্বাস্থ্য অধিদপ্তর বাস্তবায়নকারী সংস্থা হিসেবে দায়িত্ব পালন করবে এবং স্বাস্থ্য সেবা বিভাগ Oversight Body হিসেবে কাজ করবে। Vaccine Support Programটি জুন, ২০২১ হতে মে, ২০২৪ পর্যন্ত বাস্তবায়িত হবে। এর উদ্দেশ্য হলো COVID-19 অতিমারী প্রতিরোধে ভ্যাক্সিন ক্রয়ে সহায়তা করা।

আলোচ্য Program এর জন্য এডিবি প্রদেয় ৯৪০ (নয়শত চল্লিশ) মিলিয়ন মার্কিন ডলার সমপরিমাণ ৭৯৭১ (সাত হাজার নয়শত একাত্তর) কোটি টাকার মধ্যে ৪৭০ (চারশত সত্তর) মিলিয়ন মার্কিন ডলার সহজ শর্তের Ordinary Operations [Concessional] Loan (COL) হিসেবে প্রদান করা হবে। COL ঋণের সুদের হার ২% এবং এ ঋণ ৫ বছর গ্রেস পিরিয়ডসহ ২৫ বছরে পরিশোধযোগ্য। অবশিষ্ট ৪৭০ মিলিয়ন মার্কিন ডলার Regular OCR হিসেবে প্রদান করা হবে। Ordinary Capital Resources (OCR) ঋণের সুদের হার LIBOR (London Inter Bank Offered Rate) ভিত্তিক। এছাড়া, অব্যয়িত অর্থের ওপর ০.১৫% হারে কমিটমেন্ট চার্জ OCR ঋণের জন্য প্রযোজ্য হবে। উল্লেখ্য, এডিবি প্রদেয় এ ঋণ ৩ বছর গ্রেস পিরিয়ডসহ ১৫ বছরে পরিশোধযোগ্য।

এডিবি বাংলাদেশের অন্যতম প্রধান উন্নয়ন সহযোগী। এডিবি এ যাবৎ বাংলাদেশ সরকারকে ২৬.৪৬ বিলিয়ন মার্কিন ডলারের সহায়তা প্রদান করেছে। যার মধ্যে ২৫.২৫ বিলিয়ন মার্কিন ডলারের ঋণ সহায়তা এবং ১.২১ বিলিয়ন মার্কিন ডলারের অনুদান সহায়তা রয়েছে। উল্লেখ্য যে, এডিবি করোনা ভাইরাস প্রাদুর্ভাবের কারণে বাংলাদেশের সম্ভাব্য অর্থনৈতিক প্রভাব উত্তরণের লক্ষ্যে ৫০০ মিলিয়ন মার্কিন ডলার বাজেট সহায়তা, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত আর্থিক প্রণোদনা প্যাকেজ বাস্তবায়নে ২৫০ মিলিয়ন মার্কিন ডলারের পলিসি সাপোর্ট, COVID-19 Response Emergency Assistance শীর্ষক প্রকল্পে ১০০ মিলিয়ন মার্কিন ডলার সহায়তা এবং COVID-19 মোকাবেলায় ৯.৩৪ মিলিয়ন মার্কিন ডলার অনুদান সহায়তা প্রদান করেছে। বাংলাদেশে উন্নয়ন সহায়তার ক্ষেত্রে এডিবি প্রধানতঃ বিদ্যুৎ, জ্বালানি, পরিবহন, শিক্ষা, স্থানীয় সরকার, কৃষি, পানি সম্পদ, সুশাসন, ফাইন্যান্স এবং প্রাইভেট সেক্টরকে প্রাধান্য দেয়।

  
**মোছাঃ মাসুদা বেগম**  
উপসচিব  
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ  
অর্থ মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার